

পরীক্ষা

ঢাকা শিক্ষা বোর্ডের এসএসসির পুনর্নিরীক্ষণের ফল ২টার পর প্রকাশ

নিজস্ব প্রতিবেদক ঢাকা



রাজউক উত্তরা মডেল কলেজের শিক্ষার্থীরা এসএসসির ফল মুঠোফোনে দেখছে। ছবি: খালেদ সরকার

এ বছরের এসএসসি ও সমমান পরীক্ষার পুনর্নিরীক্ষণের ফলাফল প্রকাশ শুরু করেছে দেশের শিক্ষা বোর্ডগুলো। আজ সোমবার সকাল থেকে একাধিক বোর্ড ফল প্রকাশ করেছে। ঢাকা শিক্ষা বোর্ডের ফলাফল বেলা ২টার পরে প্রকাশ হবে বলে ওয়েবসাইটে জানানো হয়েছে।

ছবি : সংগৃহীত

গত ২৮ জুলাই এসএসসি পরীক্ষার ফলাফল প্রকাশ করা হয়। নয়টি সাধারণ শিক্ষা বোর্ডের অধীনে এ বছর এসএসসি পরীক্ষায় গড় পাসের হার ৮১, যা গত বছর ছিল ৮৮ শতাংশের সামান্য বেশি। এবার মোট পরীক্ষার্থী ছিল ১৬ লাখ ৩৩ হাজার ৯১৯। এর মধ্যে পাস করেছে ১৩ লাখ ২২ হাজার ৪৪৬। জিপিএ-৫ পেয়েছে ১ লাখ ৫৯ হাজার ২২০ শিক্ষার্থী। গত বছর সংখ্যাটি ছিল ২ লাখ ৩৩ হাজার ৭৬৩।

এবারের এসএসসি পরীক্ষায় ঢাকা শিক্ষা বোর্ডের অধীন ৭৩ হাজার ৪৬ জন পরীক্ষার্থী ফল পুনর্নিরীক্ষণের জন্য আবেদন করেছে। তারা মোট ১ লাখ ৯১ হাজার ২০১টি পত্র পুনর্নিরীক্ষণ চায়।



 prothomalo.com

সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান

স্বত্ত্ব © ২০২৩ প্রথম আলো